

PRESS RELEASE

Commerce Minister calls for generating confidence in the minds of the Investors

Ruposhi Bangle Hotel, 29th December 2012: Commerce Minister G.M. Quader called for “generating confidence in the minds of the investors”. He was speaking at a Dialogue entitled “**Arbitration for Settlement of Business Disputes**” organized by Bangladesh International Arbitration Centre (BIAC) on Saturday 29 December 2012 at Ruposhi Bangla Hotel. He stated that Bangladesh has a bright future, with resilient entrepreneurs, hard-working labour and a supportive policy framework. The establishment of BIAC would provide an alternate to the court system, and would generate confidence in the minds of investors, particularly FDI.

The Keynote Speaker at the Dialogue was BIAC Chief Executive Dr. Toufiq Ali. In his presentation, he highlighted the changes in our laws which have made mediation mandatory, and the increasing number of pending cases in our courts. BIAC is arranging training in arbitration and mediation, which will help entrepreneurs and those are seeking alternates to the long delays in courts.

Former Chief Justice Tafazzul Islam emphasized the role that lawyers can play in assisting courts in speedy disposal of cases, particularly by not seeking adjournments. The courts also need to award costs, as is the practice around the globe, to discourage unnecessary litigation.

Netherlands Ambassador Gerben de Jong pointed out that Bangladesh and Netherlands have many similarities. For instance, both countries are dependent on trade with the outside world for growth. In such cases, it is vital that countries comply with rules and regulations. He believed that Bangladesh has a bright future, and could be among the next 11 emerging countries.

BIAC Chairman Mahbubur Rahman, while Chairing the Dialogue, emphasized the role BIAC can play to assist the settlement of commercial disputes, but lawyers and judges also have their roles. He urged the Government to consider using BIAC and its Arbitration Rules for the disputes where the Government is a party. He also emphasized that business and investors require law and order to pursue their normal activities uninterrupted.

Among those who attended the Dialogue were Barrister Rafiq-ul-Huq, Barrister Dr. M. Zahir, DCCI President Asif Ibrahim, prominent businessmen, lawyers, company executives.

বিয়াক প্রেস রিলিজ

২৯ ডিসেম্বর ২০১২

অর্থনীতির উন্নয়নে বিনিয়োগকারীদের আস্থা সৃষ্টি গুরুত্বপূর্ণ- বনিজ্য মন্ত্রী।

বাংলাদেশ ইন্টারন্যাশনাল আরবিট্রেশন সেন্টার (বিয়াক) আজ শনিবার ২৯ ডিসেম্বর ২০১২ রাজধানীর একটি হোটেলে “বানিজ্যিক বিরোধ নিষ্পত্তির জন্য আরবিট্রেশন” শীর্ষক এক মত বিনিময় সভার আয়োজন করে। এ অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বনিজ্য মন্ত্রী গোলাম মোহাম্মদ কাদের এম পি এবং বিশেষ অতিথি ছিলেন বাংলাদেশের প্রাক্তন প্রধান বিচারপতি মোঃ তোফাজ্জুল ইসলাম ও বাংলাদেশে নিযুক্ত নেদারল্যান্ডস এর রাষ্ট্রদূত গারবেন ডি ইয়ং। বিয়াক এর চেয়ারম্যান মাহবুবুর রহমান অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ও মত বিনিময় সভা সঞ্চালনা করেন।

মত বিনিময় সভায় মূল উপস্থাপনা করেন বিয়াকের প্রধান নির্বাহী ড: তৌফিক আলী। তিনি উল্লেখ করেন যে বাংলাদেশের আদালত সমূহে মামলার দীর্ঘসূত্রিতা ব্যবসা ও বিনিয়োগকে নিরুৎসাহিত করে। এ অবস্থা থেকে উত্তরণের জন্য সরকার বিভিন্ন মুখী উদ্যোগ গ্রহণ করেছে। এর অন্যতম হলো বিভিন্ন আইনে বিকল্প বিরোধ নিষ্পত্তি পদ্ধতি অনুসরণ বাধ্যতামূলক করে আইনের সংশোধন। তবে এ সকল আইনী সংশোধনীর সুফল পেতে হলে প্রয়োজন বিকল্প বিরোধ নিষ্পত্তি পদ্ধতিতে প্রশিক্ষিত জনবল। এ উদ্দেশ্যে বিয়াক ইন্টারন্যাশনাল ফিন্যান্স কর্পোরেশনের সহায়তায় আগামীতে ঢাকায় বিকল্প বিরোধ নিষ্পত্তির দুটি অন্যতম পদ্ধতি ‘আরবিট্রেশন’ ও ‘মেডিয়েশন’ বিষয়ে আন্তর্জাতিক মানের প্রশিক্ষণের বন্দোবস্ত করেছে।

প্রধান অতিথির ভাষনে বনিজ্য মন্ত্রী গোলাম মোহাম্মদ কাদের এম পি বলেন শত প্রতিকূলতার মধ্যে ও বাংলাদেশ এগিয়ে যাচ্ছে। কারণ আমাদের রয়েছে উদ্যমী উদ্যেতা, কর্মঠ জনবল এবং সরকারের বনিজ্য ও বিনিয়োগ সহায়ক নীতি। আমাদের অর্থনীতির মূল ভিত্তি রপ্তানী। কিন্তু দেশে আন্তর্জাতিক বনিজ্য ও বিনিয়োগ সহায়ক প্রতিষ্ঠান গড়ে না ওঠায় আমাদের রপ্তানীকারক গণ প্রতিনিয়ত ক্ষতিগ্রস্ত হচ্ছেন। বিদেশী বিনিয়োগ কারীগণও এ দেশে বিনিয়োগে নিরুৎসাহিত হচ্ছেন। এ পরিস্থিতিতে বিকল্প বিরোধ নিষ্পত্তিতে বিয়াক এর ন্যায় প্রতিষ্ঠানের প্রতিষ্ঠা গুরুত্বপূর্ণ। সরকার ও বনিজ্য মন্ত্রণালয় বিয়াকের ন্যায় উদ্যোগকে সর্বাঙ্গিক সহায়তা প্রদান করবে; কারণ এ ধরনের প্রতিষ্ঠান গড়ে তোলা বনিজ্য ও বিনিয়োগ- তথা সমগ্র দেশের জন্য কল্যাণকর।

সভায় বিশেষ অতিথির ভাষনে বাংলাদেশের প্রাক্তন প্রধান বিচারপতি মোঃ তোফাজ্জুল ইসলাম বলেন দ্রুততার সাথে মামলা নিষ্পত্তির জন্য ইতিমধ্যে অনেক ব্যবস্থা নেয়া হয়েছে। কিন্তু প্রতিবছর বিচারাধীন মামলার সংখ্যা বেড়েই চলেছে। এ অবস্থায় বিকল্প বিরোধ নিষ্পত্তি পদ্ধতির অন্যতম আরবিট্রেশন দ্রুত বিরোধ নিষ্পত্তিতে ভূমিকা রাখতে পারে।

সভায় অপর বিশেষ অতিথি নেদারল্যান্ডস এর রাষ্ট্রদূত গারবেন ডি ইয়ং বলেন নেদারল্যান্ডস এর ন্যায় বাংলাদেশের অর্থনীতি ও রপ্তানী নির্ভর। দেশে সহায়ক আইনী ব্যবস্থা থাকলেই কেবল আন্তর্জাতিক বনিজ্যে সফল হওয়া সম্ভব। এ প্রেক্ষাপটে আগামী দিনের বাংলাদেশে বিয়াক গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে মর্মে তিনি মত প্রকাশ করেন।

বিয়াকের চেয়ারম্যান মাহবুবুর রহমান বানিজ্যিক বিরোধ নিষ্পত্তিতে বিয়াকের ভূমিকা ব্যাখ্যা করেন। তিনি আরও বলেন বিরোধ নিষ্পত্তিতে বিচারক ও আইনজীবীদেরও রয়েছে গুরুত্বপূর্ণ ভূমিকা। তিনি বিয়াকের সুবিধাদি ও আরবিট্রেশন রুলস ব্যবহারের জন্য সরকারের প্রতি আহবান জানান।

এ ছাড়া সভায় আরও বক্তব্য রাখেন ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রীর সভাপতি আসিফ ইব্রাহীম, প্রখ্যাত আইনজীবী ড: এম জহির, আইন মন্ত্রণালয়ের যুগ্ম সচিব আবু আহাম্মদ জমাদার, ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রীর প্রাক্তন সভাপতি এম এইচ রহমান সহ অন্যান্য অংশ গ্রহণ কারীবৃন্দ। প্রখ্যাত ব্যবসায়ী, আইনজীবী, কোম্পানী নির্বাহী সহ গুরুত্বপূর্ণ ব্যাক্তিবর্গ এ মত বিনিময় সভায় অংশগ্রহণ করেন।